গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৪৯৪

১৪-০১-১৪২৪ বঙ্গাব্দ
তারিখ ঃ --------------------- ।
২৭-০৪-২০১৭ খ্রিঃ

বিষয় ঃ মার্চ/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

১৯-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মার্চ/২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ০৭-০৫-২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

২৭/৪/১৭
(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৬

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৩। যুগ্ম-সচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭। উপ-সচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান............................, সহকারী প্রধান/ সহকারী সচিব...................... /সহকারী প্রোগ্রামার...................... , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মার্চ/২০১৭ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ১৯ এপ্রিল, ২০১৭
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব(প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন,২০১৫ এর বিধিমালা প্রণয়ন। | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) আইন ২০১৫ ১২-০২-২০১৭ তারিখ হতে কার্যকর করে এস, আর,ও জারি করা হয়েছে। আইনের আলোকে প্রস্তুতকৃত যুব সংগঠন নিবন্ধন ও পরিচালনা বিধিমালা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে চূড়ান্ত ভেটিং অন্তে প্রস্তুতকৃত গেজেট সচিব মহোদয় স্বাক্ষর করেছেন। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে এস, আর, ও আকারে জারি করা হবে। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ রাখতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা |
| (২) জাতীয় যুব নীতি প্রণয়ন | জাতীয় যুব নীতি ২০১৭ বিজি প্রেস হতে বাংলাদেশ গেজেটে ও বই আকারে মুদ্রণের কাজ শেষ হয়েছে। বই এর প্রুফ দেখার জন্য বিজিপ্রেস হতে শীঘ্রই কপি পাওয়া যাবে। সভাপতি মহোদয় বই এর প্রুফ কপি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্যের নিকট ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ে পাঠাতে নির্দেশনা প্রদান করেন। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক যুব নীতি এর গেজেট পাওয়ার পর বাস্তবায়নের জন্য স্টিয়ারিং কমিটি গঠন ও Action Plan করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। Action Plan এ SDG এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বিবেচনা করার বিষয়ে আলোচনা করা হয়। | যুব নীতি ২০১৭ বই এর প্রুফ কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে এবং দ্রুত Action Plan করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা |
| (৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদস্থায়ীকরণ। | **যুব উন্নয়ন অধিদপ্তর :** | | |
| | (ক) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদ সৃজনের জি.ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখা কর্তৃক পৃষ্ঠাংকন করা হয়েছে। বর্ণিত ৭টি শূন্য পদে লোক নিয়োগের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | (ক) নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | |
| | (খ) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামত ও অর্থ বিভাগের চাহিত তথ্য গত ২৭-০৩-২০১৭ তারিখে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখায় প্রেরণ করা হয়েছে। যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক জানান অর্থ বিভাগ রীট মামলায় পক্ষভুক্তদের বিষয়ে জানতে চেয়েছে এবং আপীল বিভাগের রায় দেখতে চেয়েছে। | (খ) চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা |
| | **জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ৩১টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত আইন ও বিচার বিভাগে মতামতের জন্য ০২-০৪-২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। | আইন ও বিচার বিভাগে যোগাযোগ রাখতে হবে। | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (ঘ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে ১০০টি পদ সৃজন প্রসঙ্গে- বিকেএসপিতে রাজস্বখাতে ১০০টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি গত ২৫-০১-২০১৭ তারিখে প্রেরণ করা হয়েছে। বিকেএসপির মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিকেএসপির রাজস্বখাতে ১২৩টি পদ সৃজনের প্রস্তাব ক্রীড়া-২ শাখায় রয়েছে। এছাড়া রাজস্বখাতে আঞ্চলিক কেন্দ্রের জন্য ৪৮৭টি পদ এবং আইটি সেল এর জন্য ৪০টি পদ পূরণের প্রস্তাব ক্রীড়া-২ শাখায় প্রেরণ করা হয়েছে। বর্তমানে ক্রীড়া-২ শাখায় বিষয়টি পেন্ডিং রয়েছে। বর্ণিত প্রস্তাবসমূহ জরুরিভিত্তিতে উপস্থাপনের জন্য এবং ১০০টি পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক অগ্রগতি জানানোর জন্য সভাপতি উপসচিব(ক্রীড়া-২) কে নির্দেশনা প্রদান করেন। | প্রস্তাবিত বিষয়সমূহ জরুরিভিত্তিতে উপস্থাপন করতে হবে। ১০০টি পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে। | বিকেএসপি/ ক্রীড়া-২ শাখা |
| (৪) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ**<br>(ক) শূন্য পদে জনবল নিয়োগ: 'জেলা ক্রীড়া অফিসার' এর ২৪ টি এবং 'প্রভাষক' এর ২৬ টি পদে জনবল নিয়োগের সুপারিশ এর জন্য নির্ধারিত রিকুইজিশন ফরম পূরণপূর্বক ২২-১১-২০১৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | (ক) BPSCর চাহিদা অনুযায়ী পদ পূরণের যৌক্তিকতার তথ্য সরবরাহ করতে হবে এবং যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত শূন্য পদ পূরণ করতে হবে। | ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা |
| | (খ) নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬-এর সংশোধনী প্রস্তাব ০৬-১১-২০১৬ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কিছু পর্যবেক্ষণ দেয়া হয়। এ প্রসঙ্গে ক্রীড়া পরিদপ্তরের পরিচালক সভাকে জানান যে, ৬টি পদের মধ্যে ৪টি পদ সরাসরি নিয়োগ ও ২টি পদ পদোন্নতির মাধ্যমে নিয়োগযোগ্য । তিনি এ প্রসঙ্গে আরও জানান যে পদ/পদোন্নতির বিষয় নিয়ে ভালভাবে পরীক্ষা নিরীক্ষা প্রয়োজন। | (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী প্রস্তাব সংশোধনপূর্বক প্রেরণ করতে হবে এবং পদ/পদবী সৃজন ও বিলুপ্তির বিষয় সর্তকতার সাথে পরীক্ষা নিরীক্ষাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | |

## (গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়):

| | | | |
|---|---|---|---|
| (৫) বিভাগীয় মামলা | যুব উন্নয়ন অধিদপ্তরে মার্চ, ২০১৭ মাসে ১ম শ্রেণির ২টি মামলাসহ ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট ১৮টি মামলা চলমান রয়েছে। ক্রীড়া পরিদপ্তরের ১টি আপীল মামলা ক্রীড়া-২ শাখায় পেন্ডিং রয়েছে মর্মে পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান। ক্রীড়া পরিদপ্তর এবং যুব উন্নয়ন অধিদপ্তরের যে সকল আপীল মামলা মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে তা আগামী সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয়ে পেন্ডিং বিভাগীয় মামলা এবং আপীল সংক্রান্ত সঠিক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ক্রীড়া পরিপ্তর/ যুব-১/ ক্রীড়া-২/ প্রশাসন-১ শাখা |
| **(৬) অনিষ্পন্ন পেনশন কেস:** | | | |
| | **মন্ত্রণালয়:** (১) মরহুম মো: সেলিম মিয়া, প্রশাসনিক কর্মকর্তার সাকসেশন মামলা নিস্পত্তি হয়েছে। মরহুম মো: সেলিম মিয়ার বকেয়া বেতন, ভবিষৎ তহবিলের জমাকৃত টাকা, ছুটি নগদায়নের টাকা তার স্ত্রী চাহেনারা বেগমকে ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে।<br>(২) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিস্পত্তি করা যাচ্ছে না। | (১) আবেদন প্রাপ্তির পর পেনশন কেইসটি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে।<br>(২) জাতীয় গৃহায়ন কর্তপক্ষের সাথে যোগাযোগ পূর্বক দ্রুত পেনশন কেস নিস্পত্তি করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | বিকেএসপিঃ বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণঃ<br>বিকেএসপিতে পেনশন প্রথা চালুর লক্ষ্যে গত ০৮-১১-২০১৬ তারিখে অর্থ বিভাগে পুন:প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে কোন মতামত পাওয়া যায়নি। দৈনিক সম্মানী ও মজুরী ভিত্তিক কর্মচারীর সম্মানি বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। | অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক্রীড়া-২ শাখা ও বিকেএসপি |

**(৭) সমীক্ষা/ অডিট আপত্তি**

(অংকসমূহ হাজার টাকায়)

| | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | ৪৫ | ৩১,১১,৮৯ | - | - | - | ৪৫টি | ৩১,১১,৮৯ |
| যুব উন্নয়ন অধিদপ্তর : | ৮৭ | ১১,৫০,৮২ | ০৯টি | - | - | ৯৬ | ১৬,৮৭,০৬ |
| ক্রীড়া পরিদপ্তর: | ২২ | ৪,৮৯,৮৪ | - | - | - | ২২ | ৪,৮৯,৮৪ |
| বিকেএসপি : | ২৬ | ১৪,৯৫৮ | - | - | - | ২৬ | ১৪,৩৬৪ |
| জাতীয় ক্রীড়া পরিষদ: | ৫৪০ | ৩,৯২.৯৫ | - | - | - | ৫৪০ | ৩,৯২,৯৫ |
| মোট= | ৭২০ | ৫২,৯৫,০৮ | ০৯ | - | - | ৭২৯ | ৫৮,২৫,৩৮ |

অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদ এবং সাধারণ আপত্তি আলাদা ভাবে দেখাতে হবে। প্রশাসন-২ শাখায় প্রশিক্ষণের জন্য উত্তোলিত অগ্রিম অর্থ সমন্বয়ে বিলম্ব হওয়ার বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে যুগ্মসচিব(প্রশাসন) তদারকি করবেন এবং অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য পৃথক সভা করে মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন উপস্থাপন করবেন।

বাস্তবায়নে- সকল দপ্তর/ সংস্থা এবং বাজেট শাখা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

## চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন অধিদপ্তর : প্রশিক্ষণ, ঋণ, ন্যাশনাল সার্ভিস | (ক) ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৪র্থ পর্বে ৭টি জেলার ২০টি উপজেলায় প্রাথমিকভাবে নির্বাচিত ২৭০০২ জন সুবিধাভোগির মধ্যে ১ম ব্যাচে ১৭১৬৮ জনের ৩মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ ৩১ মে, ২০১৬ সমাপ্ত হয়েছে। ০১ জুন, ২০১৬ থেকে ১ম ব্যাচের ১৭১৬৮ জনকে ২ বছর মেয়াদে অস্থায়ী কর্মসংস্থানে নিযুক্ত করা হয়েছে।<br><br>২০১৭-২০১৮ অর্থ বছরে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্ব চালুর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | অর্থ প্রাপ্তির পর পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ফাউন্ডেশনের তহবিল বৃদ্ধির জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট ১০০.০০(একশত কোটি) টাকা সিড মানি চেয়ে সার-সংক্ষেপ প্রেরণের বিষয়টি মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ফাউন্ডেশন এর সাংগঠনিক কাঠামো ও নিয়োগ প্রবিধানমালা প্রণয়নের প্রস্তাব প্রক্রিয়াধীন। সহসা উক্ত প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। তিনি ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক কর্মচারী চেয়ে মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করেন। | সার-সংক্ষেপ জরুরিভিত্তিতে প্রেরণ করতে হবে। ফাউন্ডেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সহায়ক কর্মচারী প্রদানের ব্যবস্থা করতে হবে। | ক্রীড়া-১ শাখা |

## বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) SDGS এর অভীষ্ট ও লক্ষ্যসমূহ: | মনিটরিং এবং ইভালুয়েশন ফ্রেমওয়ার্ক এবং এ্যাকশন প্ল্যান প্রস্তুত করে ৩০-০৩-২০১৭ তারিখে সাধারণ অর্থনীতি বিভাগে প্রেরণ করা হয়েছে। এসোসিয়েট মন্ত্রণালয় হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এ্যাকশন প্লান সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | SDG তে ক্রীড়া অংশ মূল ধারায় সম্পৃক্ত করতে GEDর সাথে যোগাযোগ করতে হবে। | পরিকল্পনা শাখা |
| (১) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে কোন তথ্য চেয়ে নাগরিকের আবেদন পাওয়া যায়নি।<br><br>তথ্য অধিকার আইন অনুযায়ী এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছে। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করলে তা তথ্য অধিকার আইন মোতাবেক নিষ্পত্তি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর |
| (২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (ক) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 সংশোধনপূর্বক প্রস্তুতকৃত জাতীয় ক্রীড়া পরিষদ আইন,২০১৬ এর খসড়া মন্ত্রিসভা নীতিগতভাবে অনুমোদন করেছে। ভেটিং এর জন্য ২৪/০১/১৭ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কিছু পর্যবেক্ষণ দিয়েছে।<br><br>(খ) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ ১৯৮৩ পরিমার্জনপূর্বক বাংলায় প্রবর্তনের জন্য বিকেএসপি হতে প্রস্তাব পাওয়া গেছে। উক্ত প্রস্তাবের উপর মতামত প্রদানের জন্য বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে ৪টি মন্ত্রণালয়ের মতামত পাওয়া গিয়েছে। জরুরি ভিত্তিতে আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করা প্রয়োজন।<br><br>(গ) ই-টেন্ডারিং :- যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া পরিদপ্তরের ইউজার আইডি পাওয়া গিয়েছে। প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভায় জানান যে, জুন/২০১৭ এর মধ্যে ই-জিপি বাস্তবায়ন করবেন। পরিকল্পনা ও উন্নয়ন শাখায় ই-জিপি বাস্তবায়ন প্রক্রিয়াধীন। মন্ত্রণালয় হতে যে সকল কর্মকর্তা ই-জিপির উপর প্রশিক্ষণ গ্রহণ করেছেন সে সকল কর্মকর্তাদের দ্বারা এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের ১দিনের ই-জিপি বিষয়ে একটি অবহিতকরণ সভা করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ে RFQ পদ্ধতি পরিহার করে ই-জিপি এর মাধ্যমে ফ্রেমওয়ার্ক চুক্তির বিষয়ে আলোচনা করা হয়। | (ক) যুগ্মসচিব(ক্রীড়া), জাতীয় ক্রীড়া পরিষদের সচিব ও আইন কর্মকর্তা ১৫ কর্মদিবসের মধ্যে পর্যবেক্ষণ অনুযায়ী আইন পুন:গঠন করবেন।<br><br>(খ) আন্ত:মন্ত্রণালয় সভার জন্য যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br><br>(গ) CPTU এর সাথে যোগাযোগপূর্বক জরুরিভিত্তিতে ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ক্রীড়া-১/জাতীয় ক্রীড়া পরিষদ |
| (৩) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | যুব উন্নয়ন অধিদপ্তরের ইনোভেশন আইডিয়া অনলাইনে প্রশিক্ষণের আবেদন প্রেরণ রেপ্লিকেট করার জন্য এসআইএফ তহবিল থেকে অর্থ বরাদ্দ করা হয়েছে। অনলাইনে প্রশিক্ষণের আবেদন প্রেরণ আইডিয়াটি রেপ্লিকেটের কাজ চলমান রয়েছে। এছাড়া গাজীপুর ও জামালপুর জেলায় প্রশিক্ষণ সহজীকরনের কাজ চলছে। মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন সকল দপ্তর/সংস্থায় ইউনিকোড নিশ্চিতকরণের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সকল দপ্তর/সংস্থায় ইউনিকোড চালুর বিষয়টি মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করতে হবে। মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাজ ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (৪) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | মন্ত্রণালয় এবং সকল দপ্তরে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। | অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সমন্বয় শাখা |
| (৫) ই-নথি বাস্তবায়ন | যুব উন্নয়ন অধিদপ্তরে ইতোমধ্যে ই-নথির কাজ চালু করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদে ই-ফাইলিং (নথি) যথাযথভাবে দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় ক্রীড়া পরিষদ সকল কর্মকর্তা/কর্মচারীকে কয়েকটি ব্যাচে ভাগ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথি বাস্তবায়নের লক্ষ্যে TOT প্রোগ্রামে ক্রীড়া পরিদপ্তরের দুইজন কর্মকর্তা প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। সকল দপ্তর/সংস্থায় ই-নথি বাস্তবায়নের জন্য পত্র দেয়া হয়েছে। | জরুরী ভিত্তিতে মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (৬) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর খসড়া প্রস্তুতের জন্য গত ০৫-০৪-২০১৭ তারিখে APA টীম প্রধানের নেতৃত্বে সভা হয়েছে। খসড়া প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্ধারিত সময়ের মধ্যে APAMS এ আপলোড দিতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (৭)বকেয়া বিদ্যুৎ বিল | মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার বকেয়া বিদ্যুৎ বিলের বিষয়ে বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত পত্র ভালভাবে পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | এ বিষয়ে ভালভাবে পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| (৮) | সভার নোটিশ এবং গুরুত্বপূর্ণ পত্রাদি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং গ্রুপ ই-মেইলে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সভার নোটিশ ও গুরুত্বপূর্ণ পত্রাদি মন্ত্রণালয়ের ওয়েব সাইট এবং গ্রুপ ই-মেইলে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

৮। আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৭.০৪.২০১৭
(মো: আসাদুল ইসলাম)
ভারপ্রাপ্ত সচিব